

NOTE SHEET

152/WBHRCSMcp17.


26/04/2017

Enclosed is the news clipping of 'Sambad Pratidin' a Bengali daily dated 21<sup>st</sup> April, 2017, the news item is captioned "শিশুকে ধর্ষণ করে খুন, আটক তিন"

Superintendent of Police, South 24 Parganas is directed to submit a detailed report within 31<sup>st</sup> May, 2017.



( Justice Girish Chandra Gupta )  
Chairperson



( Napanajit Mukherjee )  
Member



( M.S. Dwivedy )  
Member

Encl : News Item dt.25-04-2017.

Ld. Registrar to keep NHRC posted about cognizance taken on the subject by WBHRC.

Upload in website.



দেহ মিলল বাড়ির কাছে ঝোপে

# শিশুকে ধর্ষণ করে খুন, আটক তিন

স্টাফ রিপোর্টার, দক্ষিণ ২৪ পরগনা : বয়স মাত্র সাত বছর। সোমবার সকালে নিখোঁজ মেয়েটিকে পাওয়া গেল বাড়ির অদূরে ঝোপে।

অভিযোগ, কেউ তাকে ধর্ষণ করে খুন করেছে। জীবনতলা থানার ঘুঁটিয়ারি শরিফের এই ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। ঘটনার তদন্তে নেমে তিন প্রতিবেশী যুবককে আটক করেছে পুলিশ।

স্বামী পরিত্যক্ত নাসিমা খাতুন এক ছেলে আর এক মেয়েকে নিয়ে একাই থাকতেন ঘুঁটিয়ারি শরিফের কাঠপোলের কাছে। রোজ কলকাতায় পরিচারিকার কাজ করতে আসতেন তিনি। দুপুরবেলা বাড়ি ফিরে গিয়ে খেতে দিতেন ছেলেমেয়েকে। রবিবার কাজ করে বাড়ি ফিরতে কিছুটা দেরি হয়ে যায়। দুপুর গড়িয়ে সন্ধ্যা। বাড়ি ফিরে মেয়েকে খুঁজে পাননি তিনি। পাশের বাড়িতে জিজ্ঞেস করলে তারাও কিছু বলতে পারেনি। হয়তো কাছেই কোথাও গিয়েছে। এই ভেবে আর থানায় অভিযোগ জানাননি নাসিমা। সোমবার সকালে মেয়েকে খুঁজতে বেরোন। বাড়ির কাছে একটি ঝোপে রক্তের দাগ দেখেই শিউরে ওঠেন। ছোট মেয়েটা দলা পাকিয়ে পড়ে রয়েছে। রক্তে মাখামাখি গোটা শরীরে একটুকরো কাপড় নেই। নিখর দেহটার সামনে বসেই কান্নায় ভেঙে পড়েন নাসিমা। খবর দেওয়া হয় জীবনতলা থানায়। পুলিশ এসে দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। ছোট মেয়েটির সারা দেহে একাধিক আঁচড়ের দাগ। পুলিশের পক্ষ থেকে জানানো

হয়েছে, মেয়েটির শরীরে কিছু আঁচড়ের দাগ রয়েছে। তবে ধর্ষণ হয়েছে কি না তা মেডিক্যাল টেস্ট না হলে বলা যাবে না। হতে পারে মৃত্যুর আগে মেয়েটির সঙ্গে কারও ধস্তাধস্তি হয়েছিল।

ঘটনায় প্রতিবেশী তিন যুবককে আটক করেছে পুলিশ। নাসিমা জানিয়েছেন, তিনি কলকাতায় কাজে

নাসিমা জানিয়েছেন, তিনি কলকাতায় কাজে যাওয়ায় ছোট ছেলে-মেয়ে দুটি একাই থাকত বাড়িতে। পাড়া-পড়শিদের কাছে বলা ছিল যাতে তারা একটু খোঁজখবর রাখেন। কিন্তু এত বড় সর্বনাশ হয়ে যাবে তা স্বপ্নেও ভাবেননি নাসিমা। আটক তিন যুবকের কথা-বার্তায় অসংলগ্নতা খুঁজে পেয়েছে পুলিশ।

যাওয়ায় ছোট ছেলে-মেয়ে দুটি একাই থাকত বাড়িতে। পাড়া-পড়শিদের কাছে বলা ছিল যাতে তারা একটু খোঁজখবর রাখেন। কিন্তু এত বড় সর্বনাশ হয়ে যাবে তা স্বপ্নেও ভাবেননি নাসিমা। আটক তিন যুবকের কথা-বার্তায় অসংলগ্নতা খুঁজে পেয়েছে পুলিশ।